# Analysis Report

## 47th BCS Preli Program

### Daily Live Exam Ethics-01

Obtained Marks: **16.5/30** (Correct: 21, Incorrect: 9)

Highest Marks: Will be published after 12:05 AM Today.

Merit Position: Will be published after 12:05 AM Today.

CorrectIncorrectSkipped
Question 1 Correct

### গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার প্রয়োজন কেন?

A
ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করার জন্য
B
গণতন্ত্র জানার জন্য
C
গণতন্ত্র চর্চা করার জন্য
D
জীবনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য

A
79%
B
1%
C
15%
D
7%

**Solution:**

গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠার প্রয়োজন কারণ-
১। ব্যক্তি স্বাধীনতা নিশ্চিত করার জন্য।

২। দায়িত্ব ও কর্তব্যবোধ জাগ্রতকরণ করার জন্য।
৩। জবাবদিহিতা নিশ্চিতকরণ করার জন্য।

Question 2 Incorrect

## নীতিবিদ্যার অংশ কয়টি?

A
চার
B
পাঁচ
C
দুই
D
তিন

A
31%
B
3%
C
34%
D
31%

**Solution:**

নীতিবিদ্যার অংশ দুইটি-
১। মৌলিক অংশ।
২। প্রায়োগিক অংশ।

Question 3 Correct

## মূল্যবোধ–

A
আপেক্ষিক
B
আপেক্ষিক ও বৈচিত্র্যময়
C

বৈচিত্র্যময়

D

প্রত্যক্ষ প্রত্যয়

A

16%

B

71%

C

3%

D

10%

**Solution:**

মূল্যবোধ বৈচিত্র্যময় ও আপেক্ষিক। আজ যা মূল্যবোধ বলে পরিগণিত, কাল তা সেভাবে বিবেচ্য নাও হতে পারে।

Question 4 Incorrect

## আইনের শাসন শক্তিশালী করে তোলে -

A

বাহ্যিক মূল্যবোধকে

B

রাজনৈতিক মূল্যবোধকে

C

নৈতিক মূল্যবোধকে

D

গণতান্ত্রিক মূল্যবোধকে

A

0%

B

2%

C

30%

D

69%

**Solution:**

- আইনের শাসন শক্তিশালী করে তোলে- গণতান্ত্রিক মূল্যবোধ।
- নীতি ও ঔচিত্যবোধ থেকে বিবেচনা করা হয়- নৈতিক মূল্যবোধ।

● ব্যক্তির বাইরের ব্যক্তিত্বকে সুদৃঢ়করণে ভূমিকা রাখে- বাহ্যিক মূল্যবোধ।

Question 5 Correct

## সহমর্মিতা একটি ______ গুণ।

A

ব্যক্তিগত

B

সামাজিক

C

মানবীয়

D

পারিবারিক

A

9%

B

18%

C

73%

D

1%

**Solution:**

সহমর্মিতার অনুভূতি একটি গণতান্ত্রিক সমাজ ও রাষ্ট্রে বসবাসকারী মানুষকে পারস্পরিক সুখে-দুঃখে আপন করে এবং মানুষে মানুষে বৈষম্য দূর করে। 'সকলের তরে সকলে আমরা, প্রত্যেকে আমরা পরের তরে' সহমর্মিতার এই অনুভূতিই গণতান্ত্রিক সমাজ ও রাষ্ট্রের ভিত্তিকে সুদৃঢ় করে।

Question 6 Correct

## আইনের প্রাচীনতম উৎস কোনটি?

A

জনমত

B

ন্যায়বোধ

C

প্রথা

D

ধর্ম

A

3%

B

14%

C

57%

D

26%

**Solution:**

আইন হচ্ছে ব্যক্তির বাহ্যিক আচরণ নিয়ন্ত্রণ সংক্রান্ত নিয়মের সমষ্টি যা সমাজ ও রাষ্ট্র কর্তৃক স্বীকৃত। অধ্যাপক হল্যান্ডের মতে আইনের উৎস ৬টি, ওপেন হাইমের মতে ৭টি এবং অস্টিনের মতে ১টি। আইনের প্রাচীনতম উৎস প্রথা এবং গুরুত্বপূর্ণ উৎস ধর্ম। আধুনিককালে আইনের উৎস আইন পরিষদ এবং মৌলিক উৎস সংবিধান। পারিবারিক ও সম্পত্তি সংক্রান্ত আইন ধর্ম থেকে নেয়া হয়। স্বাধীনতার রক্ষক ও অভিভাবক আইন।

Question 7 Correct

সুশাসন এর অন্তরায় হিসেবে কাজ করে না কোনটি?

A

স্বজনপ্রীতি

B

দুর্নীতি

C

বিকেন্দ্রীকরণ

D

অঞ্চল প্রীতি

A

7%

B

8%

C

81%

D

5%

**Solution:**

কল্যাণমূলক রাষ্ট্র গঠনের অপরিহার্য শর্ত হলো সুশাসন প্রতিষ্ঠা। তবে সুশাসন প্রতিষ্ঠার পথে দুর্নীতি, স্বজনপ্রীতি, অঞ্চলপ্রীতি প্রভৃতি অন্তরায় হিসেবে কাজ করে। বিকেন্দ্রীকরণে জনগণের অংশগ্রহণ নিশ্চিত হয়। এটি সুশাসনের অন্যতম বৈশিষ্ট্য।

Question 8 Incorrect

আইন নির্দিষ্ট ও সুস্পষ্ট, কিন্তু _____ অনির্দিষ্ট ও অস্পষ্ট। শূন্যস্থানে নিচের কোনটি হবে?

A

নৈতিকতা

B

মূল্যবোধ

C

নীতি-ঔচিত্যবোধ

D

সামাজিক প্রথা

A

24%

B

47%

C

9%

D

21%

**Solution:**

ইতালির প্রখ্যাত রাষ্ট্র দার্শনিক নিকোলা ম্যাকিয়াভেলি সর্বপ্রথম আইন ও নৈতিকতার মধ্যে পার্থক্য নির্দেশ করেন। নৈতিকতা আইনের মতো সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নয়। দেশ-কাল-পাত্রভেদে নৈতিকতা বিভিন্ন রকমের হতে পারে।

Question 9 Incorrect

জনমত যত দ্রুত পরিবর্তনশীল, তত দ্রুত পরিবর্তনশীল নয়—

A

রাজনৈতিক সংস্কৃতি

B

জাতীয় সংস্কৃতি

C

সামাজিক সংস্কৃতি

D

ধর্মীয় সংস্কৃতি

A

9%

B

20%

C

39%

D

32%

**Solution:**

জনমত ও রাজনৈতিক সংস্কৃতির মধ্যে গভীর সম্পর্ক থাকলেও উভয়ের মধ্যে পার্থক্য কম নয়। জনমত যত দ্রুত পরিবর্তনশীল, রাজনৈতিক সংস্কৃতি তত দ্রুত পরিবর্তনশীল নয়। রাজনৈতিক সংস্কৃতি অনেকটা স্থায়ী, কিন্তু জনমত অনেকটা অস্থায়ী।

Question 10 Correct

## যৌতুক সমস্যা কি ধরনের সমস্যা?

A

রাজনৈতিক সমস্যা

B

অর্থনৈতিক সমস্যা

C

রাষ্ট্রীয় সমস্যা

D

সামাজিক সমস্যা

A

1%

B

1%

C

1%

D

98%

**Solution:**

যৌতুক একটি কঠিন সামাজিক ব্যাধি। বাংলাদেশের আইনে যৌতুক নেয়া বা দেয়া উভয়ই অপরাধ। যৌতুক প্রতিরোধে বাংলাদেশ সরকার কর্তৃক প্রণীত 'যৌতুক নিরোধ আইন' ১৬ সেপ্টেম্বর, ২০১৮ সালে জাতীয় সংসদে পাশ হয়।

Question 11 Correct

মানুষকে সকল প্রকার নেতিবাচক দিক থেকে বিরত রাখে-

A

রাজনৈতিক শিক্ষা

B

মূল্যবোধের শিক্ষা

C

সামাজিক শিক্ষা

D

আচরণের শিক্ষা

A

0%

B

99%

C

1%

D

0%

**Solution:**

মূল্যবোধের শিক্ষা মানুষকে সকল প্রকার নেতিবাচক দিক যেমন- দুর্নীতি, স্বজনপ্রীতি, অন্যায়-অবিচার ইত্যাদি থেকে বিরত রাখে।

Question 12 Incorrect

জাতীয়তা = জনসমাজ + ______।

A

সামাজিক চেতনা

B

সাংস্কৃতিক চেতনা

C

নাগরিক চেতনা

D

রাজনৈতিক চেতনা

A

12%

B

28%

C

42%

D

18%

**Solution:**

জাতীয়তা এক ধরনের মানসিক ধারণা। হায়েসের মতে, জাতীয়তার সাথে স্বাধীনতা যুক্ত হলেই জাতি হয়। জাতীয়তা ও জাতির মধ্যে পার্থক্য করলে দেখা যায়-
জাতীয়তা ⟶ জনসমাজ + রাজনৈতিক চেতনা
জাতি ⟶ জাতীয়তাবোধে উদ্বুদ্ধ জনসমাজ + রাজনৈতিক সংগঠন ও স্বাধীনতা

Question 13 Incorrect

## সমাজের কারো ক্ষতি না করা, কারো মনে কষ্ট না দেয়া, কটুক্তি না করা এগুলো কীসের অন্তর্ভুক্ত?

A

সুশাসন

B

নীতি ও ঔচিত্যবোধ

C

নৈতিকতা

D

মূল্যবোধ

A

0%

B

9%

C

36%

D

55%

**Solution:**

সমাজে কারো ক্ষতি না করা, কারো মনে কষ্ট না দেয়া, কটুক্তি না করা প্রভৃতি হচ্ছে নীতি ও ঔচিত্যবোধ। নীতি ও ঔচিত্যবোধের অনুমোদন ব্যক্তি তার নিজের কাছ থেকেই পেয়ে থাকে। এর ফলে সে ন্যায়, অন্যায়, ভালো, মন্দ, উচিত, অনুচিতের পার্থক্য করে তার নিজের ভালো বা মঙ্গলের চেষ্টা করে।

Question 14 Incorrect

জাতীয়তার ধারণা এক প্রকার ______ ধারণা।

A

রাজনৈতিক

B

আবেগিক

C

মানসিক

D

সাংস্কৃতিক

A

47%

B

4%

C

6%

D

44%

**Solution:**

অধ্যাপক লাস্কি মনে করেন যে, জাতীয়তার ধারণা এক প্রকার মানসিক ধারণা। জাতীয়তার ভাব সৃষ্টিতে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উপাদান হলো- মানসিক বা ভাবগত ঐক্য।

Question 15 Correct

সংস্কৃতি হচ্ছে নাগরিকের _____ বাহন। শূন্যস্থানে নিচের কোনটি হবে?

A

সামাজিক পরিচয়ের

B

আত্মপরিচয়ের

C

রাষ্ট্রীয় পরিচয়ের

D

কোনটিই নয়

A

51%

B

44%

C

3%

D

2%

**Solution:**

সংস্কৃতি হচ্ছে নাগরিকের আত্মপরিচয়ের বাহন। সংস্কৃতি চর্চার মাধ্যমে নাগরিক তার ইচ্ছা ও অভিব্যক্তিকে অপরের নিকট প্রকাশ করে। নাগরিকের ব্যক্তিসত্তা ও জাতীয় সত্তাকে তুলে ধরতে হলে প্রত্যেক নাগরিকের সংস্কৃতি চর্চার অধিকার থাকা উচিত।

Question 16 Correct

ঘুষ জাতীয় অবৈধ লেনদেনের ফলে–

A

জাতীয় সঞ্চয় কমে

B

বণ্টন ব্যাহত হয়

C

অর্থ সঞ্চালন কমে

D

ভোগ হ্রাস পায়

A

30%

B

59%

C

7%

D

4%

**Solution:**

কোনো কাজ যদি প্রতিযোগিতামূলক কিংবা সকলের কাছে গ্রহণযোগ্য হয়, সেখানে যদি ঘুষ নামক অবৈধ লেনদেন হয় তাহলে অবশ্যই সমবণ্টনে ব্যাহত হয়। সকলেই তাহার যোগ্য প্রাপ্তি থেকে বঞ্চিত হয়।

Question 17 Correct

নৈতিক আচরণবিধি (Code of ethics) বলতে বোঝায়–

A

মৌলিক মূল্যবোধ সংক্রান্ত সাধারণ বচন যা সংগঠনের পেশাগত ভূমিকাকে সংজ্ঞায়িত করে

B

বাস্তবতার নিরিখে নির্দিষ্ট আচরণের মানদণ্ড নির্ধারণ সংক্রান্ত আচরণবিধি

C

দৈনন্দিন কার্যকলাপ ত্বরান্বিতকরণে প্রণীত নৈতিক নিয়ম, মানদণ্ড বা আচরণবিধি

D

উপরের তিনটিই সঠিক

A

9%

B

5%

C

8%

D

80%

**Solution:**

নৈতিক আচরণবিধি (Code of ethics) বলতে বোঝায় কোনো প্রতিষ্ঠান বা সংস্থার কর্মকর্তা, কর্মচারীদের পেশাগত দৈনন্দিন দায়িত্ব ও কর্তব্যের পরিচিতি ও প্রযোজ্য নিয়মনীতি। বাস্তবতার নিরিখে সকল প্রতিষ্ঠানের নৈতিক আচরণবিধি এক নাও হতে পারে।

Question 18 Incorrect

সাংগঠনিক দিক থেকে চাপসৃষ্টিকারী গোষ্ঠী রাজনৈতিক দল অপেক্ষা-

A

অধিক ক্ষমতাসম্পন্ন

B

শক্তিশালী

C

সমান

D

দুর্বল

A

31%

B

38%

C

3%

D

29%

**Solution:**

রাজনৈতিক দল ও চাপসৃষ্টিকারী গোষ্ঠীর মধ্যে কিছু ক্ষেত্রে উভয়ের উৎপত্তি, লক্ষ্য বা উদ্দেশ্য এবং কর্মসূচির মধ্যে পার্থক্য লক্ষ্য করা যায়। উল্লেখ্য, সমমনোভাবাপন্ন সদস্যদের নিয়ে গঠিত গোষ্ঠীকে চাপসৃষ্টিকারী গোষ্ঠী বোঝায়। সাংগঠনিক দিক থেকে চাপসৃষ্টিকারী গোষ্ঠী রাজনৈতিক দল অপেক্ষা দুর্বল।

Question 19 Correct

ই-গভর্নেন্স এর কোন বিষয়কে বড় করে দেখা হয়?

A

দক্ষতা

B

স্বচ্ছতা

C

সচেতনতা

D

জবাবদিহিতা

A

16%

B

62%

C

5%

D

17%

**Solution:**

ই-গভর্নেন্স সরকার কী কী কাজ করছে, কী কী মূলনীতির উপর সরকার সিদ্ধান্ত প্রণয়ন করছে স্বচ্ছতার মাধ্যমে তা সাধারণ মানুষ জানতে পারে।

Question 20 Correct

## সুশাসনের অন্যতম প্রতিবন্ধক কোনটি?

A

দুর্নীতি

B

কালো টাকা

C

রাজনৈতিক সহিংসতা

D

সংসদে বিতর্ক

A

88%

B

0%

C

13%

D

0%

**Solution:**

UNCAC এর ভূমিকায় বলা হয়েছে যে, "দুর্নীতি সমাজ ও রাষ্ট্রের স্থিতিশীলতা এবং নিরাপত্তাকে বিঘ্নিত করে। কারণ এর মাধ্যমে শাক্তি ও প্রতিষ্ঠানের নৈতিকতা বিনষ্ট হয়, ন্যায়বিচার ও সবার সমান অধিকার, গণতন্ত্র এবং আইনের শাসন প্রতিষ্ঠা হুমকির মুখে পড়ে।" অধিকাংশ রাষ্ট্রেই দুর্নীতি দমন কমিশন বা ব্যুরো নামক প্রতিষ্ঠান থাকলেও সেগুলো স্বাধীন ও কর্মতৎপর নয়।

Question 21 Correct

## সকলের জন্য সহযোগিতা নিশ্চিত করে যে ব্যবস্থা –

A

সুশাসন

B

মূল্যবোধ

C

জেন্ডার সমতা

D

আইনের শাসন

A

74%

B

7%

C

2%

D

17%

**Solution:**

একটি দেশের জাতীয় উন্নয়নে সুশাসন সম্পূরক ভূমিকা পালন করে ও রাষ্ট্রকে টেকসই উন্নয়নের দিকে নিয়ে যায়। সুশাসন নিশ্চিত হলে একটি দেশের সংস্কৃতি ও ঐতিহ্যের বিকাশ ঘটে। সকলের জন্য সহযোগিতা নিশ্চিত করা যায়, সকলের মত প্রকাশের স্বাধীনতা থাকে।

Question 22 Correct

## গণতান্ত্রিক মূল্যবোধের অন্যতম উপাদান কোনটি?

A

মৌলিক অধিকার ও মানবাধিকার নিশ্চিত

B

বিচার বিভাগের স্বাধীনতা

C

আইনের শাসন

D

আইন বিভাগ

A

45%

B

6%
C
48%
D
1%
**Solution:**

আইনের শাসন গণতান্ত্রিক মূল্যবোধের অন্যতম উপাদান। আইনের শাসন না থাকলে একটি রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠার অগ্রযাত্রা ব্যাহত হয়।

Question 23 Correct

‘সৎ গুণই জ্ঞান’ কার উক্তি?

A
আইনস্টাইন
B
সক্রেটিস
C
প্লেটো
D
এরিস্টটল
A
2%
B
76%
C
11%
D
10%
**Solution:**

গ্রিক দার্শনিক সক্রেটিস, প্লেটো এবং এরিস্টটল সর্বপ্রথম নৈতিকতার প্রতি গুরুত্বারোপ করেন। সক্রেটিস বলেছেন, ‘সৎ গুণই জ্ঞান’ (Virtue is knowledge)। তিনি বিশ্বাস করতেন যে, জ্ঞানী-গুণী ব্যক্তিরা অন্যায় করতে পারেন না এবং ন্যায় বোধের উৎস হচ্ছে ‘জ্ঞান’ (knowledge) এবং অন্যায়বোধের উৎস হচ্ছে ‘অজ্ঞতা’ (ignorance)।

Question 24 Correct

মূল্যবোধের চালিকাশক্তি কোনটি?

A

সংস্কৃতি

B

বিদ্যালয়

C

সমাজ

D

ধর্ম

A

73%

B

2%

C

23%

D

3%

**Solution:**

সমাজে ভালো মন্দের মানদণ্ড বলা হয় মূল্যবোধকে। মূল্যবোধকে জাগ্রত করে নৈতিকতা। চিরন্তন মূল্যবোধ হলো সত্য ও ন্যায়। একে সুদৃঢ় করা যায় শিক্ষার মাধ্যমে। আর এর অন্যতম চালিকাশক্তি হলো সংস্কৃতি। কারণ সংস্কৃতিই মানুষকে তার কাঙ্ক্ষিত আচরণটি শেখায়।

Question 25 Correct

## সংখ্যালঘুদের ক্ষেত্রে কোন নীতিটি প্রয়োগ করা হয়?

A

বৈষম্যহীন ও সমমর্যাদা

B

সমমর্যাদা

C

বৈষম্যহীন

D

বিপরীত বৈষম্য

A

34%

B

2%
C
5%
D
59%
**Solution:**

‘বিপরীত বৈষম্য’ বলতে এমন একটি অবস্থাকে বুঝায়, যেখানে বয়স, জাতি, লিঙ্গ, বর্ণ, অক্ষমতা বা অন্যান্য সুরক্ষিত বৈশিষ্ট্যের কারণে সংখ্যালঘু বা অনগ্রসর সম্প্রদায়ের সদস্যরা সংখ্যাগরিষ্ঠ বা অগ্রসর সম্প্রদায়ের দ্বারা বৈষম্যের শিকার হয়।

Question 26 Correct

কোনটির বিরোধিতা বেআইনি নয়?

A
মূল্যবোধ
B
নীতি-ঔচিত্য
C
নৈতিকতা ও নীতি-ঔচিত্য
D
নৈতিকতা
A
28%
B
33%
C
18%
D
21%
**Solution:**

মূল্যবোধ আইন নয়। এর বিরোধিতা বেআইনি নয়। এটি মূলত এক প্রকার সামাজিক নৈতিকতা। মূল্যবোধের প্রতি সমাজে বসবাসকারী মানুষের শ্রদ্ধাবোধ আছে বলে মানুষ এটা মেনে চলে।

Question 27 Correct

“ধর্ম, ঐতিহ্য এবং মানব আচরণ- এ তিনটি থেকেই নৈতিকতার উদ্ভব হয়েছে” কার মতে?

A

ম্যুর

B

জে.এস. মেক্যান্ডি

C

আর.এম. ম্যাকাইভার

D

জনাথন হ্যাইট

A
13%
B
4%
C
22%
D
62%

**Solution:**

● জে.এস. মেক্যান্ডির মতে “Ethics is the science of general study of the idea involved in human life.”
● ম্যুর এর মতে “শুভর প্রতি অনুরাগ ও অশুভর প্রতি বিরাগই হচ্ছে- নৈতিকতা”।
● আর.এম. ম্যাকাইভারের মতে “Law does not and can not cover all grounds of morality.”
● জনাথন হ্যাইট এর মতে “ধর্ম, ঐতিহ্য এবং মানব আচরণ এ তিনটি থেকেই নৈতিকতার উদ্ভব হয়েছে”।

Question 28 Incorrect

প্রত্যেক নাগরিক তাদের পছন্দের ধর্ম গ্রহণ এবং পালন করতে পারবে – এটি কোন ধরনের অধিকার?

A

ব্যক্তিগত

B

সামাজিক

C

সাংস্কৃতিক

D

ধর্মীয়

A

25%

B

26%

C

8%

D

42%

**Solution:**

যে সকল অধিকার নাগরিকের সভ্য জীবনযাপনের জন্য অপরিহার্য তাকেই সামাজিক অধিকার বলে। সভ্য জীবনযাপনের জন্য সামাজিক অধিকার অপরিহার্য। প্রত্যেক নাগরিক তাদের পছন্দের ধর্ম গ্রহণ, পালন এবং তা প্রচার করতে পারবে এটি সামাজিক অধিকারের অন্তর্ভুক্ত।

Question 29 Correct

সমাজভেদে নৈতিকতা–

A

অপরিবর্তনীয়

B

পরিবর্তনশীল

C

নির্ভর করে না

D

কোনোটিই নয়

A

14%

B

82%

C

3%

D

1%

**Solution:**

নৈতিকতা মূলত ব্যক্তিগত ও সামাজিক ব্যাপার। এটি মানুষের সামাজিক আচরণ বিধির সমষ্টি যা অনেক সময় পরিবার, পরিবেশ, সমাজ কর্তৃক নিয়ন্ত্রিত হয়। এজন্য বলা যায়, সমাজভেদে নৈতিকতা পরিবর্তনশীল।

Question 30 Correct

## Natio এবং Natus কোন ভাষার শব্দ?

A
গ্রিক
B
ফরাসি
C
ইংরেজী
D
ল্যাটিন

A
21%
B
7%
C
1%
D
71%

**Solution:**

ইংরেজী 'Nation' ও 'Nationality' শব্দ দুটি উদ্ভূত হয়েছে ল্যাটিন শব্দ 'Natio' বা 'Natus' থেকে (যার অর্থ হলো 'born' অর্থাৎ জন্ম)।